

সারাদেশ

অসহায়-দরিদ্র ২ শতাধিক মানুষের পাশে আল ইয়ানা ফাউন্ডেশন

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়ায় ২ শতাধিক অসহায় ও দরিদ্র মানুষের মধ্যে রান্না করা খাবার বিতরণ করেছে আল ইয়ানা ফাউন্ডেশন।

গুক্রবার (২৮ আগস্ট) দুপুরে শহরের মেডডা বাসস্ট্যান্ড এলাকায় জেলা বাস-মিনিবাস মালিক সমিতির কার্যালয়ের সামনে এ খাবার বিতরণ করা হয়।

আল ইয়ানা ফাউন্ডেশনের সভাপতি ও জেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক রাসেল আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ব্রাহ্মণবাড়িয়া প্রেস ক্লাবের সভাপতি জাবেদ রহিম বিজন। বিশেষ অতিথি ছিলেন প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক বাহারুল ইসলাম মোল্লা।

পরে অতিথিরা অসহায় ও দরিদ্র মানুষের হাতে খাবারের থালা তুলে দেন।

ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা রাসেল আহমেদ বলেন, "যেসব মানুষ নিয়মিত ভালো-মন্দ খাবার খাওয়ার সুযোগ পান না, তাদের জন্যই এ আয়োজন। অসহায় ও দরিদ্র মানুষের মুখে খাবার তুলে দেওয়ার এ মানবিক কার্যক্রম অব্যাহত থাকবে।"

এ সময় ফাউন্ডেশনের সদস্য ছাড়াও স্থানীয় গণ্যমান্য ব্যক্তি এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে টাইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দেয়া অনুষ্ঠান। অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/oshay-dridr-2-shtadhik-manusher-pashe-al-iyana-faundeshn>